



## প্রকাশিত বক্তব্যের প্রতিবাদ

### আহলে হাদীসদের সাথে জঙ্গিবাদের কোন সম্পর্ক নেই

-বাংলাদেশ জমঈয়তে আহলে হাদীস

গত ১০ ডিসেম্বর সোমবার ঢাকার আন্তর্জাতিক কনভেনশন সিটি বসুন্ধরায় 'উগ্রবাদবিরোধী জাতীয় সম্মেলন-২০১৯ এর সমাপনী বক্তব্যে অ্যান্টি টেরোরিজম ইউনিটের সাবেক প্রধান ডিএমপি কমিশনার মোহা. শফিকুল ইসলাম দেশের উগ্রবাদের সাথে আহলে হাদীসদের সম্পৃক্ত বিষয়ে বক্তব্য প্রদান করেছেন- যা গত ১১ ডিসেম্বর দৈনিক ইনকিলাবসহ বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত হয়।

ডিএমপি কমিশনারের বক্তব্য বিষয়ে বাংলাদেশ জমঈয়তে আহলে হাদীস-এর সভাপতি (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মুহাম্মদ আহযার উদ-দীন এবং সেক্রেটারী জেনারেল মুহাম্মদ শহীদুল্লাহ খান মাদানী এক যৌথ বিবৃতি প্রদান করেন। বিবৃতিতে নেতৃত্ব বলেন, সাধারণত নামাযে বুক হাত বাঁধলে এবং রফউল ইয়াদাঈন করলে তাদেরকে বাহ্যিকভাবে আহলে হাদীস আখ্যা দেয়া হয়, কিন্তু প্রকৃত বাস্তবতা হলো, আহলে হাদীসদের মৌলিক বৈশিষ্ট্য আকীদা বা বিশ্বাসগত। পূর্বোল্লিখিত আমলগুলোর ব্যাপারে সহীহ হাদীসে বলিষ্ঠ প্রমাণ থাকায় যে কোন মুসলিম এ আমল করতে পারেন। তাই বলে, বাহ্যিক আমল দেখে কাউকে আহলে হাদীস আখ্যা দেয়া সঠিক হবে না। মূলতঃ আহলে হাদীস হলো তারাই যারা আল-কুরআন ও সহীহ সুন্নাহ-র পূর্ণ অনুসারী। আর ইসলামে জঙ্গিবাদের কোন স্থান নেই।

নেতৃত্ব আরো বলেন, বাংলাদেশ জমঈয়তে আহলে হাদীস দেশের আহলে হাদীসদের প্রাচীন ও মূল সংগঠন। এ সংগঠনের কেউ এবং কোন আহলে হাদীস জঙ্গিবাদকে আদৌ সমর্থন করে না। এতদ্ব্যতীত জঙ্গিবাদের বিরুদ্ধে বাংলাদেশ জমঈয়তে আহলে হাদীস দেশব্যাপী মানববন্ধন করেছে। এছাড়া লেখনী ও বক্তব্যের মাধ্যমে ব্যাপক প্রচারণা চালিয়ে যাচ্ছে এবং সভা সেমিনারের মাধ্যমে আহলে হাদীস আলিমগণ জঙ্গিবাদ বিরোধী বক্তব্য প্রদান করে গণমানুষকে সচেতন করতে সচেষ্ট ভূমিকা পালন করছেন। কিছু বিচ্ছিন্নতাবাদী ব্যক্তি বা গোষ্ঠী, যারা হয়তো নামাযে বুক হাত বাঁধেন বা রফউল ইয়াদাঈন করেন কিংবা অপরাপর যারাই ইসলামের নামে জঙ্গি তৎপরতা চালায় এবং নাশকতার মাধ্যমে দেশের শান্তি-শৃংখলাকে বিনষ্ট করে তারা ইসলামের প্রকৃত শিক্ষা থেকে বহুদূরে অবস্থান করেছে। বাংলাদেশ জমঈয়তে আহলে হাদীসসহ এ দেশের আহলে হাদীসগণ তাদের এ জঘন্য কর্মকাণ্ডকে যারপরনাই ঘৃণা করে। সুতরাং জঙ্গিবাদের সাথে আহলে হাদীসদের সম্পৃক্ত করা কোনভাবেই সমীচীন হবে না।

(মুহাম্মদ আবদুল্লাহ আল-মামুন)

অফিস সেক্রেটারী

বাংলাদেশ জমঈয়তে আহলে হাদীস

